

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

আগারগাঁও, শেরেবাংলা নগর

ঢাকা-১২০৭

www.lged.gov.bd

স্মারক নং-৪৬.০২.০০০০.৩২২.০৬.০০২(অংশ-১).০৮-১১

তারিখ: ১৩/০১/২০২৬

## অফিস আদেশ

বিষয়: স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের প্রাথমিক শিক্ষা অবকাঠামো ব্যবস্থাপনা ইউনিটের আওতায় কার্য চুক্তি ব্যবস্থাপনার ক্ষেত্রে ভেরিয়েশন প্রতিপাদন কমিটি (Variation Assessment Committee) গঠন প্রসঙ্গে।

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের প্রাথমিক শিক্ষা অবকাঠামো ব্যবস্থাপনা ইউনিটের আওতায় কার্য চুক্তি ব্যবস্থাপনার ক্ষেত্রে, চুক্তি পরিচালনা ও ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক প্রণীত ভেরিয়েশন প্রস্তাব পরীক্ষা-নিরীক্ষাপূর্বক ভেরিয়েশনের পরিপ্রেক্ষিত ও মূল্যের যথার্থতা নিরূপণের লক্ষ্যে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০২৫ এর বিধি ১৫ অনুযায়ী নিম্নরূপ ভেরিয়েশন প্রতিপাদন কমিটি গঠন করা হলো:

সভাপতি	তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সংশ্লিষ্ট অঞ্চল, এলজিইডি
বহিঃসদস্য	জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, সংশ্লিষ্ট জেলা (জেলা পর্যায়ে আহ্বানকৃত দরপত্রের ক্ষেত্রে)/ উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, সংশ্লিষ্ট উপজেলা (উপজেলা পর্যায়ে আহ্বানকৃত দরপত্রের ক্ষেত্রে)
সদস্য সচিব	নির্বাহী প্রকৌশলী/সহকারী প্রকৌশলী, সংশ্লিষ্ট অঞ্চল, এলজিইডি (জ্যেষ্ঠতার ভিত্তিতে প্রাপ্তি সাপেক্ষে) (তাদের অবর্তমানে সিনিয়র সহকারী প্রকৌশলী, সংশ্লিষ্ট জেলা, এলজিইডি)

- ২। ভেরিয়েশন প্রতিপাদন কমিটির কার্যক্রম পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০২৫ এর সংশ্লিষ্ট বিধি এবং চুক্তি দলিলের সংশ্লিষ্ট শর্ত মোতাবেক পরিচালিত হবে। উক্ত কমিটি ভেরিয়েশন প্রস্তাবের পরিপ্রেক্ষিত ও মূল্য পরীক্ষা-নিরীক্ষাপূর্বক পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০২৫ এর বিধি ৫০ (২০) অনুযায়ী ১০ (দশ) কার্যদিবসের মধ্যে একটি প্রতিবেদন প্রণয়ন করে ক্রয়কারী কার্যালয় প্রধান বা অনুমোদনকারী কর্তৃপক্ষের (যেক্ষেত্রে, অনুমোদনকারী কর্তৃপক্ষ ক্রয়কারী কার্যালয় প্রধানের নিম্ন পদমর্যাদার কোন কর্তৃপক্ষ) নিকট উপস্থাপন করবেন।
- ৩। এ সংক্রান্ত ইতোপূর্বে জারিকৃত সকল অফিস আদেশ/পরিপত্র বাতিল করা হলো।
- ৪। অফিস আদেশটি জনস্বার্থে জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

(কাজী গোলাম মোস্তফা)

প্রধান প্রকৌশলী (রুটিন দায়িত্ব)

ফোন: ০২-৫৫০০৭২৪৮

ই-মেইল: ce@lged.gov.bd

স্মারক নং-৪৬.০২.০০০০.৩২২.০৬.০০২(অংশ-১).০৮-১১/১(১৬০০)

তারিখ: ১৩/০১/২০২৬

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকা। (উপযুক্ত প্রতিনিধি মনোনয়ন প্রদানের জন্য অনুরোধ করা হলো)
- ২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল), এলজিইডি।
- ৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), এলজিইডি।
- ৪। প্রকল্প পরিচালক, .....
- ৫। নির্বাহী প্রকৌশলী (সকল), এলজিইডি, জেলা: .....
- ৬। উপজেলা প্রকৌশলী (সকল), এলজিইডি, ..... উপজেলা, জেলা: .....
- ৭। উপজেলা শিক্ষা কর্মকর্তা (সকল), ..... উপজেলা, জেলা: .....
- ৮। অফিস কপি।

M. J. Khan  
তারিখ: ১৩.০১.২০২৬

(মোঃ জাহিদ হোসেন খান)

নির্বাহী প্রকৌশলী (প্রকিউরমেন্ট)

ফোন: ০২-৫৫০০৬৭৭৫

ইমেইল: xen.procurement@lged.gov.bd